গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

২০২৩-২৪ অর্থবছরের এপিএ টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : মালেকা খায়রুন্নেছা, অতিরিক্ত সচিব
সভার স্থান : কক্ষ নং-১২৫, ভবন-৩
সভার তারিখ : ২৫ অক্টোবর ২০২৩
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এপিএ টিম লিডার এর অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচনা শুরু করেন।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা হয়	পূর্ববর্তী সভার কার্যবিবরণী কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	বাণিজ্য মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধন সংক্রান্ত	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর কার্যক্রম [১.১৩] অনলাইনে প্রস্তাবিত কোম্পানির নিবন্ধন আবেদন নিষ্পত্তিকরণ, [১.১৪] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করা, [২.৩] দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহণ/ আয়োজন (CSLM, TNC, JSG, JWG etc), [২.৪] জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনে অংশগ্রহণের লক্ষ্যে অবস্থানপত্র/কৌশলপত্র/ব্রীফ প্রস্তুত, [২.৮] দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে বাংলাদেশের অবস্থান নির্ধারণের লক্ষ্যে স্টেক হোল্ডার কনসালটেশন পরিচালনা এবং [৪.৬] ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ আইন, ২০২৩ এর খসড়া প্রণয়ন এর সংশোধনের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সংশোধনকৃত এপিএ ওয়েবসাইটে আপলোড করা সাপেক্ষে পরবর্তী কার্যক্রমগুলো তদানুযায়ী সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল অনুবিভাগ

০৩	দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধন সংক্রান্ত	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কার্যক্রম ২.২. অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তরের কার্যক্রম [৩.৬] আইটি পদ সৃজনের প্রস্তাব বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ, বাংলাদেশ চা বোর্ডের কার্যক্রম [৩.২] চা বাগান পরিদর্শন ও উন্নয়ন অগ্রগতি মূল্যায়ন, রপ্তানি উন্নয়ন ব্যুরো এর কার্যক্রম [৩.৬] রপ্তানি পরিসংখ্যান সফটওয়্যার প্রস্তুত, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের কার্যক্রম [৩.২] দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে বাংলাদেশের অবস্থান নির্ধারণের লক্ষ্যে স্টেকহোল্ডার কনসালটেশন পরিচালনা এবং [৩.৩] অংশীজন সভার মাধ্যমে পরামর্শ গ্রহণ এবং যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর কার্যক্রম [১.২] অনলাইনে প্রস্তাবিত অংশীদারী প্রতিষ্ঠানের আবেদন নিষ্পত্তিকরণ, [৩.২] কোম্পানির অনুকুলে কর্পোরেট ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ, [৪.১] দাখিলকৃত বন্ধকি বিবরণী নিবন্ধন প্রদান বিষয়ে সংশোধনী প্রস্তাব পর্যালোচনা করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সংশোধন করার পর দপ্তর/সংস্থার এপিএ সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৪	বিবিধ	পরবর্তী ত্রৈমাসিক অর্জনে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে তাদের স্ব স্ব অনুবিভাগের লক্ষ্যমাত্রা অর্জনে সমন্বয় সাধনসহ আরো আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল অনুবিভাগ

অন্য কোনো আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৬/১০/২০২৩
(মালেকা খায়রুন্নেছা)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বাণিজ্য মন্ত্রণালয়

স্মারক নং- ২৬.০০.০০০০.০৮৭.১৬.০০৬.২৩.৪০৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ / ১২ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)
২) চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)

৩) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)
৪) ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)
৫) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)
৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণের অনুরোধসহ)
৭) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়
৮) নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৯) যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়
১০) উপসচিব, কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল, বাণিজ্য মন্ত্রণালয়
১১) উপসচিব, বাজেট শাখা, বাণিজ্য মন্ত্রণালয়
১২) উপসচিব, বাণিজ্য সংগঠন-১, বাণিজ্য মন্ত্রণালয়
১৩) উপসচিব, রপ্তানি-৫, বাণিজ্য মন্ত্রণালয়
১৪) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়
১৫) উপসচিব, প্রশাসন-১ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়
১৬) উপসচিব, ট্রেড সাপোর্ট মেজারস্ শাখা-১, বাণিজ্য মন্ত্রণালয়
১৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অভ্যন্তরীণ বাণিজ্য-৪, বাণিজ্য মন্ত্রণালয়
১৮) উপসচিব, রপ্তানি-২, বাণিজ্য মন্ত্রণালয়
১৯) যুগ্মনিয়ন্ত্রক, এফটিএ-৪ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়
২০) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডব্লিউটিও-৩ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়
২১) সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয়

২৫.১০.২৬

(সুলতানা আক্তার)
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
☎ ৯৫৪০২১৩
e-mail: admn2@mincom.gov.bd